রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ১৮, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**(কারিগরি শাখা-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/১৭ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৪০-আইন/২০২৫।**―সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন- গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :―

উপরিউক্ত বিধিমালার তফসিল-২ এর―

(ক) ক্রমিক নং-২৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৪ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :―

| | | | | |
|---|---|---|---|---|
| “২৪ক। | **চিফ ইনস্ট্রাক্টর (নন-টেক)** (গ্রেড-৬) | ৩৫ বৎসর | মোট পদের-<br>(ক) শতকরা ৯০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ১০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>টেকনিক্যাল স্কুল ও কলেজের ইনস্ট্রাক্টর (বাংলা), ইনস্ট্রাক্টর (ইংরেজি), ইনস্ট্রাক্টর (গণিত ও বিজ্ঞান), ইনস্ট্রাক্টর (গণিত), ইনস্ট্রাক্টর (পদার্থ বিজ্ঞান) অথবা ইনস্ট্রাক্টর (রসায়ন বিদ্যা) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |


**মূল্য :** টাকা ৮.০০

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(গ) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে শিক্ষক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।"; |

(খ) ক্রমিক নং-২৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৬ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "২৬। | **ইনস্ট্রাক্টর (বাংলা)**<br>(গ্রেড-৯) | ৩২ বৎসর | (ক) শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (বাংলা) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।"; |

(গ) ক্রমিক নং-২৭ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৭ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "২৭। | **ইনস্ট্রাক্টর (ইংরেজি)**<br>(গ্রেড-৯) | ৩২ বৎসর | (ক) শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (ইংরেজি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।"; |

(ঘ) ক্রমিক নং-২৮ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৮ক, ২৮খ, ২৮গ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "২৮ক। | **ইনস্ট্রাক্টর (গণিত)** (গ্রেড-৯) | ৩২ বৎসর | (ক) শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (গণিত) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বা ফলিত গণিত বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বা ফলিত গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।"; |
| ২৮খ। | **ইনস্ট্রাক্টর (পদার্থ বিজ্ঞান)** (গ্রেড-৯) | ৩২ বৎসর | (ক) শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (পদার্থ বিজ্ঞান) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| | | | | |
|---|---|---|---|---|
| "২৮গ। | **ইনস্ট্রাক্টর (রসায়ন বিদ্যা)** (গ্রেড-৯) | ৩২ বৎসর | (ক) শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (রসায়ন বিদ্যা) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি"; |

(ঙ) ক্রমিক নং ৩০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক ৩০ক, ৩০খ, ৩০গ, ৩০ঘ, ৩০ঙ, ৩০চ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | | | |
|---|---|---|---|---|
| "৩০ক। | **জুনিয়র ইনস্ট্রাক্টর (বাংলা)** (গ্রেড-১০) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩০খ। | **জুনিয়র ইনস্ট্রাক্টর (ইংরেজি)** (গ্রেড-১০) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩০গ। | **জুনিয়র ইনস্ট্রাক্টর (গণিত)** (গ্রেড-১০) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বা ফলিত গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বা ফলিত গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩০ঘ। | **জুনিয়র ইনস্ট্রাক্টর (পদার্থ বিজ্ঞান)** (গ্রেড-১০) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩০ঙ। | **জুনিয়র ইনস্ট্রাক্টর (রসায়ন বিদ্যা)** (গ্রেড-১০) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০চ। | **জুনিয়র ইনস্ট্রাক্টর (সামাজিক বিজ্ঞান)** (গ্রেড-১০) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, সমাজকর্ম, সমাজবিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, সমাজকর্ম, সমাজবিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।” |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড.খ ম কবিরুল ইসলাম**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd